

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৭৪০৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০০৭]

৫৫। مَرْسَمَشِيَّةٍ بِিষয়সমূহ ও দুনিয়ার প্রতি আকর্ষণহীনতা (كتاب الزهد والرقائق)

পরিচ্ছেদঃ ১৮. জাবির (রায়িঃ) এর দীর্ঘ হাদীস এবং আবুল ইয়াসার এর ঘটনা

بَاب حَدِيثِ جَابِرِ الطَّوِيلِ وَقِصَّةِ أُبِي الْيَسِيرِ

আরবী

قَالَ فَقُلْتُ لَهُ أَنَا يَا عَمِّ لَوْ أَنَّكَ أَخْذَتَ بُرْدَةً غُلَامِكَ وَأَعْطَيْتَهُ مَعَافِرِيَّكَ وَأَخْذَتَ مَعَافِرِيَّهُ وَأَعْطَيْتَهُ بُرْدَتَكَ فَكَانَتْ عَلَيْكَ حُلَّةٌ وَعَلَيْهِ حُلَّةٌ . فَمَسَحَ رَأْسِيَ وَقَالَ اللَّهُمَّ بَارِكْ فِيهِ يَا ابْنَ أَخِي بَصَرٌ عَيْنَى هَاتَيْنِ وَسَمِعٌ أَذْنَى هَاتَيْنِ وَوَعَاهُ قَلْبِي هَذَا - وَأَشَارَ إِلَى مَنَاطِ قَلْبِهِ - رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَقُولُ "أَطْعِمُوهُمْ مِمَّا تَأْكُلُونَ وَأَبْسُوهُمْ مِمَّا تَبْسُونَ" . وَكَانَ أَنْ أَعْطَيْتَهُ مِنْ مَتَاعِ الدُّنْيَا أَهْوَانَ عَلَى مِنْ أَنْ يَأْخُذَ مِنْ حَسَنَاتِي يَوْمَ الْقِيَامَةِ

বাংলা

৭৪০৩-(.../৩০০৭) উবাদাহ (রায়িঃ) বলেন, আমি তাকে (আবুল ইয়াসারকে) বললাম, হে চাচাজান! যদি আপনি আপনার গোলামের শরীর হতে চাদরটি নিয়ে তাকে আপনার মু'আফিরী কাপড়টি পড়িয়ে দেন অথবা তার মু'আফিরী কাপড়টি নিয়ে আপনি যদি তাকে আপনার চাদরটি পড়িয়ে দেন তবে তো আপনার এক জোড়া কাপড় এবং তারও এক জোড়া কাপড় হয়ে যায়। এ কথা শুনে তিনি আমার মাথায় হাত বুলিয়ে বললেন, হে আল্লাহ! আপনি এ বাচ্চার মধ্যে বারাকাত দিন। এরপর বললেন, হে ভাতিজা! আমার এ দু'চোখ দেখেছে, আমার এ দু'কান শুনেছে এবং অস্তরের দিকে ইঙ্গিত করে তিনি বললেন, আমার এ অস্তর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সংরক্ষণ করেছে। তিনি বলেছেন, তোমরা যা খাও, তাদেরকেও তা খাওয়াও, তোমরা যা পরো তাদেরকেও তা পরাও। অধিকস্তুতি তিনি বললেন, কিয়ামতের দিন তা আমার সাওয়াব নিয়ে যাওয়ার তুলনায় দুনিয়াতে তাকে পার্থিব বস্ত্র দান করা অধিকতর সহজসাধ্য। (ইসলামিক ফাউন্ডেশন ৭২৪০, ইসলামিক সেন্টার ৭২৯৪)

English

I said to him: My uncle, if you get the cloak of your servant and you give him

your two clothes, or take his two clothes of Ma'afir and give him your cloak, then there would be one dress for you and one for him. He wiped my head and said: O Allah, bless the son of my brother. O, son of my brother, these two very eyes of mine saw and these two ears of mine listened to and this heart of mine retained this, and he pointed towards the heart that Allah's Messenger (ﷺ) said: Feed them (the servants) and clothe them (the servants) what you wear, and if I give him the goods of the world, it is easy for me than this that he should take my virtues on the Day of Resurrection.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ উবাদা ইবনুস সামিত (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54501>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন